তা… ২৪ JAN 1991
পৃষ্ঠা… ১১ …কলাম… ৬

দৈনিক ইত্তেফাক

03

## 'ডিগ্রী পরীক্ষা পিছাইবে না'

(ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৯০ সালের ডিগ্রী (পাস ও সাবসিডিয়ারী) পরীক্ষা পূর্ব ঘোষিত ৫ই ফেব্রুয়ারী তারিখেই অনুষ্ঠিত হইবে। গতকাল (বুধবার) ভিসি প্রফেসর মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহের প্রিন্সিপালদের এক সভায় এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভায় বলা হয়, কোন প্রকার দাবী বা চাপের মুখে পরীক্ষা পিছানো সম্ভব নয়। তবে পরীক্ষা প্রতিদিন সকাল ৯টায় পরিবর্তে সকাল ১০টা হইতে শুরু হইবে।